



শ্রীধাম শ্রীঅঙ্কন (শ্রী শ্রী প্রভু জগদ্গুরু সুন্দরের আশ্রম)

বাংলা আষাঢ় ১৩০৬ বঙ্গাব্দ

শ্রী অঙ্কন, গোয়ালচামট, ফরিদপুর

মহাবতারা শ্রী শ্রী প্রভু জগদ্গুরু সুন্দরের আবির্ভাব ২৮শে এপ্রিল ১৮৭১ বাংলা ১২৭৮ সনের ১৬ বৈশাখ রোজ শুক্রবার। মানবলীলা সংবরণ করেন ১৭ সেপ্টেম্বর ১৯২১। পৈত্রিক নিবাস ফরিদপুর শহর সংলগ্ন গ্রাম গোবিন্দপুর। পিতা-শ্রী দীননাথ ন্যায়রত্ন, মাতা-শ্রীমতী বামাসুন্দরী দেবী। শ্রী শ্রী প্রভু সুন্দরের আবির্ভাব মুর্শিদাবাদ জেলার ডাহাপাড়ায়। কারণ ডাহাপাড়া পিতার কর্মস্থল ছিল। তিনি শ্রীধাম শ্রীঅঙ্কন প্রতিষ্ঠা করেন বাংলা আষাঢ় ১৩০৬ বঙ্গাব্দ রথযাত্রা উৎসবে। শ্রীঅঙ্কনের এ জমি দান করেন ফরিদপুর গোয়ালচামটের শ্রীরামসুন্দর ও শ্রীরাম কুমারমুদি। শ্রীরাম শ্রীঅঙ্কন মহানাম প্রচারের কেন্দ্রে পরিনত হয়। মানবলীলা সংবরণের পরবর্তী মাস বাংলা ১৩২৮ সনের ২ রা কার্তিক হতে শ্রীধাম অঙ্কনে দিবস-রজনী অখন্ড মহানাম কীর্তন অব্যাহত রয়েছে। গোয়ালচামট শ্রী অঙ্কনে ২৪ প্রহর ব্যাপী নাম কীর্তন হয়। প্রতিবছর সপ্তাহব্যাপী নাম কীর্তনসহ জন্মোসব পালিত হয়।